

# আল্লাহ্ পাক স্রষ্টা মহান



দেলওয়ার বিন রশিদ

# আল্লাহ্ পাক স্রষ্টা মহান



দেলওয়ার বিন রশিদ

# আল্লাহ্ পাক স্রষ্টা মহান

দেলওয়ার বিন রশিদ

ইসলামিক ফাউন্ডেশন বাংলাদেশ

## প্রকাশকের কথা

মহান রাব্বুল আলামিন আমাদের স্রষ্টা, সারা বিশ্বজগতের মালিক ও প্রভু। তাঁর পরিচয় আমাদের সবারই অল্প-বিস্তর জানা। শিশু-কিশোরদের কাছে তাঁর মহত্ত্ব ও পরিচয় তুলে ধরার জন্য শিশু-সাহিত্যিক ও কবি দেলওয়ার বিন রশিদ 'আল্লাহ পাক স্রষ্টা মহান' বইটি রচনা করেছেন। ছোট ছোট ছড়ার মাধ্যমে গল্পের মতো করে তিনি ফুল, পাখি ও প্রকৃতির সঙ্গে আল্লাহ তা'আলার কথা বর্ণনা করেছেন। সেগুলো যেমন আনন্দায়ক তেমনি শিক্ষামূলক। আমাদের দৃঢ় বিশ্বাস, শিশু-কিশোররা এগুলো পাঠ করে আল্লাহ্ ও আল্লাহ্‌র অসীম কুদরত সম্পর্কে যেমন জানবে তেমনি নিজেদেরকে একজন আদর্শ মানুষ হিসেবে গড়ে তুলতে পারবে।

ইসলামিক ফাউন্ডেশন থেকে 'আল্লাহ পাক স্রষ্টা মহান' বইটি শিশুদের হাতে তুলে দিতে পেরে মহান আল্লাহ্‌র কাছে জানাচ্ছি হাজারো শুকরিয়া এবং আশা করছি বইটি পাঠকপ্রিয়তা লাভ করবে।

মোহাম্মদ আবদুর রব
পরিচালক, প্রকাশনা বিভাগ
ইসলামিক ফাউন্ডেশন বাংলাদেশ

এই যে গ্রহ, তারা, নক্ষত্ররাজি খচিত নীলাভ আকাশ, স্নিগ্ধ আলোময় চাঁদ, জমিনের বুকে সবুজ বৃক্ষাদি বেষ্টিত বন-বনানী, জল থই থই অথৈ সমুদ্র, বিশালকায় পাহাড়-পর্বত, ধরণীর মাঝে রাত দিনের আবর্তন এসব কিছুই আল্লাহ তা'আলার সৃষ্টি, তাঁরই নিপুণতা।

এই বিশ্ব ব্রহ্মাণ্ডের স্রষ্টা আল্লাহ্ পাকের কথা ছোট্ট সোনামণিদের কাছে ছন্দায়িত করে বলার প্রচেষ্টা মূলত এ গ্রন্থের ছড়াগুলো।

ছোট্ট সোনামণিরা যদি ছড়াগুলো পড়ে আল্লাহ্-প্রিয় হয় তাহলেই আমার প্রচেষ্টা সার্থক মনে করবো।

দেলওয়ার বিন রশিদ



ফুলের মতো
ছোট্ট সোনামণিদের হাতে

আল্লাহ্ মহান আল্লাহ্ এক
আল্লাহ্ ছাড়া মাবুদ নাই
জীবের উপর তাঁর করুণা
দিবারাত্রি ঝরছে তাই।


ফুল ফসলে সবুজে ভরা
সুন্দর এই বসুন্ধরা
সব কিছুই আল্লাহ্‌র দান
আল্লাহ্ বড় মেহেরবান।

বাগ বাগিচায় কত যে ফুল
রঙ বেরঙে সাজিয়ে রাখা
ফুলের গায়ে আছে যেন
আল্লাহ্ নামের নকশা আঁকা।

হরেক রকম পাখ পাখালি
বন বাদাড়ে দিবস যাম
মিষ্টি মধুর সুরে সুরে
জপছে শুধু আল্লাহ্ নাম।


কুলু কুলু ধ্বনি তোলে
একা একা বইছে নদী
চলার পথে নদীও গায়
আল্লাহ্‌র নাম নিরবধি।

পুব আকাশে সূর্যি ওঠে
সাগর পানে নদী ছোটে
আসমানের ওই তারা ফোটে
আল্লাহ নামের মধু লোটে।



নীল আকাশে চাঁদটা হাসে
দীঘির জলে শাপলা ভাসে
শাপলা পাতা শীতল পাটি
আল্লাহ নামই সবচে খাঁটি।

ভোর বিহানে দুর্বা ঘাসে
মুক্তো হয়ে শিশির হাসে
এই যে শিশির আল্লাহরই দান
আল্লাহ পাক স্রষ্টা মহান।



হলুদ রাঙা কুটুম পাখি
সকাল বিকাল ওঠে ডাকি
কুটুম পাখির মিষ্টি স্বরে
আল্লাহ নামের মধু ঝরে।

দিনভর পত্ পত্ কবুতর
দূর আকাশে উড়ে উড়ে
আল্লাহ নাম জপছে শুধু
বাক বাকুম সুরে সুরে।

সারাদিন একটানা মৌমাছি
চলে আনন্দে নাচি নাচি
এই ফুলে ওই ফুলে যায়
আল্লাহর গুণ-গান গায়।

বায়ু শন্ শন্ ঝাউবন
কাঠ ঠোক্‌রার উদাস মন
কাঠ ঠোক্‌রা কাঠ ঠুকে
আল্লাহর নাম মুখে মুখে।

পিঁপড়া সব দলে দলে
সারা বনে পিল্ পিল্ চলে।
আল্লাহ নামে বেড়ায় ঘুরে
খাদ্য খুঁজে ওই দূরে।

বাগান জুড়ে বেড়ায় উড়ে
রঙ বাহারী প্রজাপতি
বড় অপরূপ কাড়ে দৃষ্টি
সৃষ্টি আল্লাহর নিখুঁত অতি।

সোনা রঙ ঝলমল
মাঠ ভরা পাকা ধান,
ছড়িয়ে থাকা শস্য শ্যামল
সবই আল্লাহ পাকের দান।

সকাল দুপুর বেতস বনে
সবুজ শোভা হাসে
স্রষ্টা নিপুণ আল্লাহ গফুর
সর্বদা তাঁর কৃপার সৌরভ ভাসে।

আল্লাহর নামের ভরসা পেয়ে
সবুজ বাগে কুসুম কলি ফোটে
পাহাড় মরু পেছন ফেলে
ঝর্ণাধারা সাগর পানে ছোটে।

আল্লাহ হাকিম আল্লাহ ওসমান
আল্লাহ বড় শক্তিমান
কুল মাখলুকাতে সৃষ্টি যত
সবই করে তাঁরই গুণগান।

পাক আল্লাহ গুণের আধার
দাতা বড় অসীম দয়াময়
আল্লাহ্ নামে দূর হয়ে যায়
মনের যত শংকা ও সংশয়।

আল্লাহ্ নামে স্বর্গ সুধা
ক্ষুধা তৃষ্ণা হয় যে দূর
যায় যে ঘুচে কষ্ট জ্বালা
হৃদয়ে সুখ ঝরে ঝুর্ ঝুর্।

আল্লাহ্ নামে সকল কাজ
হয় যে সুন্দর মধুময়
আল্লাহ্ সহায় নেই পরোয়া
তুচ্ছ সব বিপদ ভয়।

মনের যত দুঃখ গ্লানি
বুকের যত আঁধার কালো
সব সহসা দূর করে দেয়
আল্লাহ্ নামের উজল আলো।

আল্লাহ্ কাদের আল্লাহ্ গণি
তাঁরই বৈভব জগতময়
আল্লাহ্ নামের প্রশংসা ধ্বনি
রয় সর্বদা সর্বময়।

আল্লাহ্ রহমান আল্লাহ্ রহিম
বড়ই মধুর আল্লাহ্‌র নাম
আল্লাহ্ নামে রহমত ঝরে
এই দুনিয়া তামাম।

জীবন করো সুখী অতুল
হৃদয়ে রাখো আল্লাহ্ ফুল
আল্লাহ্ নামের  নেই তুলনা
আল্লাহ্ নামটি কভু ভুলনা।



আল্লাহ্ ছাড়া কারো কাছে
করবে না এই শিরটি নত
আল্লাহ্ নামে ধৈর্য ধর
আসুক বাধা বিপদ যত।

জীবন করো সুখী অতুল
হৃদয়ে রাখো আল্লাহ্ ফুল
আল্লাহ্ নামের নেই তুলনা
আল্লাহ্ নামটি কভু ভুলনা।



আল্লাহ্ ছাড়া কারো কাছে
করবে না এই শিরটি নত
আল্লাহ্ নামে ধৈর্য ধর
আসুক বাধা বিপদ যত।

নম্রতা আর বিনয় দিয়ে
ফুলের মতোন স্বভাব করো
মনের কালো দূর করে
আল্লাহ্ নামে হৃদয় গড়ো।

আল্লাহ্ মালিক আল্লাহ্ রহিম
আমরা যে তাঁর দয়া চাই
সত্য পথে চলতে যেনো
বুকে অসীম সাহস পাই।

ইফাবা-২০০২-২০০৩-প্র/৬৪৪৩ (উ)-৩২৫০

## গ্রন্থকার পরিচিতি

জন্ম ঃ ২১ আগস্ট, ১৯৫৪, দরিজাহাঙ্গীরপুর, তাড়াইল, কিশোরগঞ্জ। পিতা- মোঃ রশিদ উদ্দিন খান, মাতা-বেগম রেনু আরা। শিক্ষা ঃ বাংলা ভাষা ও সাহিত্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের স্নাতক (সম্মান)। স্বাধীনতা উত্তর বাংলাদেশের ছড়া সাহিত্যে দেলওয়ার বিন রশিদের রয়েছে উজ্জ্বল উপস্থিতি। অতি সহজবোধ্য করে কোমল শব্দ প্রয়োগে ও ছন্দ সুষমায় নির্মিত তাঁর ছড়া স্নিগ্ধ ও সৌরভময়। তাঁর প্রকাশিত ছড়া গ্রন্থ ঃ ভেন্না পাতায় দই, ইস্টিশনে বিষ্টি ও খুকুর মুখে চাঁদের হাসি। শুধু ছড়া নয়, কবিতা, গল্প, প্রবন্ধ প্রভৃতি সাহিত্যের অন্যান্য শাখায়ও রয়েছে তাঁর সফল বিচরণ। তাঁর প্রকাশিত কবিতা গ্রন্থ ঃ সুখ, দুঃখের উচ্চারণ, মননে ফোটা ফুল উল্লেখযোগ্য। দেশ-বিদেশের বিশিষ্ট পত্র-পত্রিকায় তাঁর অসংখ্য ছড়া, কবিতা, প্রবন্ধ নিয়মিত প্রকাশিত হয়ে আসছে।

ছড়া সাহিত্যে বিশেষ অবদানের জন্য ১৯৮৫ ইং সনে তিনি কবি বন্দে আলী মিঞা স্মৃতি সাহিত্য পুরস্কার পান। বর্তমানে একটি রাষ্ট্রায়ত্ত বাণিজ্যিক ব্যাংকে কর্মরত।

ইসলামিক ফাউন্ডেশন বাংলাদেশ